# আচরণ বিধি

## প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড-এর এই আচরণ বিধি সকল কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রযোজ্য হবে ।

কর্মকর্তা-কর্মচারী বলতে অত্র কোম্পানীতে বেতনে বা বিনা বেতনে, চুক্তিতে বা নিয়মিত নিয়োগের মাধ্যমে যারা কাজ করেন।

কর্মচারী কর্মরত অবস্থায়, ছুটিতে থাকা অবস্থায় বা দেশে কিংবা বিদেশে থাকাবস্থায় এমনকি ডেপুটেশনে অন্যত্র সাময়িকভাবে কর্মরত তাকলেও তার উপর এই আচরণ বিধি প্রযোজ্য হবে।

# আচরণ বিধি কি?

আচরণ বিধি বলতে প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড-এর কর্মকর্তা-কর্মচারীদের অফিসিয়াল আচরণকে বুঝাবে।

কর্মকর্তা-কর্মচারী বলতে অত্র কোম্পানীতে বেতনে বা বিনা বেতনে, চুক্তিতে বা নিয়মিত নিয়োগের মাধ্যমে যারা কাজ করেন।

কর্মচারী কর্মরত অবস্থায়, ছুটিতে থাকা অবস্থায় বা দেশে কিংবা বিদেশে থাকাবস্থায় এমনকি ডেপুটেশনে অন্যত্র সাময়িকভাবে কর্মরত তাকলেও তার উপর এই আচরণ বিধি প্রযোজ্য হবে।

# প্রাইম ইসলামী লাইফের আচরণ বিধি

## বিধি-১ কর্মস্থল

কর্মচারীগণ কোম্পানির যে কোন কার্যালয়ে, শাখা, অঙ্গপ্রতিষ্ঠান, অধিনস্থ সহযোগী প্রতিষ্ঠানের যে কোন স্থানে বা বিদেশে সময়ে সময়ে নির্দেশিত হয়ে কাজ করবেন।

## বিধি-২ বিধান মান্যতা

কর্মচারীগণ যে ব্যক্তি বা ব্যক্তিবর্গের তত্ত্বাবধানে বা নিয়ন্ত্রণে কর্মে নিয়োজিত রয়েছেন তার বা তাদের সকল আদেশ ও নির্দেশ পালন এবং মেনে চলবেন।

# প্রাইম ইসলামী লাইফের আচরণ বিধি

## বিধি-৩ আচরণ ও গোপনীয়তা

প্রত্যেক কর্মচারী সততা ও নিষ্ঠার সাথে কাজ করবে, সকল যোগাযোগে ভদ্রতা ও শিষ্ঠাচার প্রর্দশন করবে এবং কোম্পানি ও নিয়োজকের গোপনীয়তা কঠোরভাবে বজায় রাখবে।

## বিধি-৪ দায়িত্বে অনুপস্থিতি

কোন কর্মচারী তার দায়িত্বে অবহেলা ও উপযুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমতি ছাড়া কর্মস্থল ত্যাগ করতে পারবে না।

# প্রাইম ইসলামী লাইফের আচরণ বিধি

## বিধি-৫ প্রতিনিধিত্ব

নিজ স্বার্থে পরিচালকদের প্রতিনিধিত্ব করা যাবে না। সকল প্রতিনিধিত্বমূলক যোগাযোগ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে করতে হবে।

## বিধি-৬ অন্য কোন চাকুরী

কোন কর্মচারী তার অফিসের বর্তব্য ব্যতিত অন্য কোন চাকুরীতে নিয়োজিত হতে পারবে না।

# প্রাইম ইসলামী লাইফের আচরণ বিধি

## বিধি-৭ অফিসের দলিল বা তথ্য ফাঁস

বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত না হলে অফিসের কোন দলিল বা নথিপত্রের বিষয়বস্তু, তার অফিসের দায়িত্ব পালনকালে যে সকল তথ্য তার হস্তগত হয়েছে তা অথবা নিজ কার্য সম্পাদনের জন্য অফিসের সূত্র বা অন্য কোন সূত্রে যে তথ্য প্রস্তুত করেছেন বা সংগ্রহ করেছেন তা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অন্যকোন প্রতিষ্ঠানে বা সংবাদ মাধ্যমে প্রকাশ করতে পারবে না।

# প্রাইম ইসলামী লাইফের আচরণ বিধি

## বিধি-৮ রাজনৈতিক কর্মকান্ড

কোন কর্মচারী প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন রাজনৈতিক কর্মকান্ডে অংশগ্রহন করতে পারবে না বা কোন রাজনৈতিক কর্মকান্ড বা আন্দোলনে চাঁদা প্রদানসহ কোনভাবে সহায়তা করতে পারবে না।

# প্রাইম ইসলামী লাইফের আচরণ বিধি

## বিধি-১০ ধার দেওয়া বা নেওয়া

এই আচরণ বিধিতে প্রত্যেক কর্মচারী অভ্যাসগতভাবে ঋণগ্রস্থতা পরিহার করবেন। কেননা কর্মচারী দেনাগ্রস্থ হলে চাকুরীর মর্যাদা হেয় হয়। তদুপরি ধার দেনার কারণে দাপ্তরিক কাজকর্ম সম্পাদনে বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

# প্রাইম ইসলামী লাইফের আচরণ বিধি

## বিধি-১১ সাম্প্রদায়িক মত প্রচার

কোন কর্মচারী কোন সাম্প্রদায়িক মত প্রচার, বিতর্কিত বিষয়ে অংশগ্রহণ বা পক্ষপাতিত্ব করতে পারবে না, যা বিশেষভাবে কর্মচারী এবং সাধারণ মানুষের মধ্যে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে।

# প্রাইম ইসলামী লাইফের আচরণ বিধি

## বিধি-১৩ মহিলা সহকর্মীদের প্রতি আচরণ

কোন কর্মচারী মহিলা সহকর্মীদের প্রতি এমন কোন ভাষা ব্যবহার বা আচরণ করতে পারবেন না যা অনুচিত এবং অফিসিয়াল শিষ্ঠাচার ও মহিলা সহকর্মীদের মর্যাদার হানি ঘটায়।

# প্রাইম ইসলামী লাইফের আচরণ বিধি

## বিধি-১৫ শাস্তি

কোন কর্মচারী আইন ভঙ্গ, দায়িত্বে অবহেলা, কোম্পানির স্বার্থ বিরোধী কাজ, নির্দেশনা অমান্য, শৃংখলা ভঙ্গ ও অসদাচরণের কারণে দোষী সাব্যস্ত হলে চাকুরীবিধি মোতাবেক শাস্তি প্রদান করা হবে।